3 (Sem-5/CBCS) BEN HE 2

# 2021

( Held in 2022 )

## BENGALI

Paper : BEN-HE-5026

( Honours Elective )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১×১০=১০

(ক) স্বামী বিবেকানন্দ কত বছর বয়সে সন্ন্যাস নিয়েছিলেন ?

(খ) স্বামী বিবেকানন্দের মাতা ভুবনেশ্বরী দেবীর জন্ম কত সালে হয়েছিল ?

(গ) 'বিবেকানন্দ ইন দ্য ওয়েস্ট' গ্রন্থটি কে লিখেছিলেন ?

(ঘ) স্বামীজির মৃত্যুর পর তাঁর মা ও ভাইদের দায়িত্ব কে নিয়েছিলেন ?

(ঙ) কে রবীন্দ্রনাথের দাদার জন্য পদ্মা থেকে ইলিশ মাছ আর কচ্ছপের ডিম এনে দিতেন ?

(চ) 'তোশাখানা' কাকে বলা হত?

(ছ) রবীন্দ্রনাথ লন্ডন ইউনিভার্সিটিতে কতদিন পড়েছিলেন?

(জ) কত টাকা পুঁজি নিয়ে বারীন্দ্র 'যুগান্তর' পত্রিকা শুরু করেছিলেন?

(ঝ) জাতীয় শিক্ষার জন্যে কে বরোদার চাকরি ছেড়ে এসেছিলেন?

(ঞ) "Passive Resistance-এ তিনি মহাত্মা গান্ধিরও গুরু।" এখানে কার কথা বলা হয়েছে?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) স্বামী বিবেকানন্দের দুই ভাইয়ের নাম লেখো।

(খ) "নরেন কায়েতের ছেলে, বাপ উকিল, বাড়ি সিমলে।" নরেন্দ্রনাথের এই পরিচয় ও ঠিকানা কে, কাকে দিয়েছিলেন?

(গ) ছেলেবেলায় রবীন্দ্রনাথ কাদের কাছ থেকে কৃত্তিবাসের 'রামায়ণ' শুনেছিলেন?

(ঘ) রবীন্দ্রনাথের দু'জন সংগীত-গুরুর নাম লেখো।

(ঙ) উপেন্দ্রনাথ কার কাছ থেকে সন্ন্যাস-দীক্ষা গ্রহণ করেছিলেন? তিনি কোন্ মঠের সঙ্গে জড়িত ছিলেন?





৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সন্ন্যাস সম্পর্কে বিবেকানন্দের অভিমত কী ছিল?

(খ) মৃত্যুর কয়েকদিন পূর্বে স্বামীজি কীভাবে পারিবারিক মোকদ্দমার স্থায়ী সমাধান করেছিলেন, আলোচনা করো।

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে জননী সম্বন্ধে রবীন্দ্রনাথ যে স্মৃতিচারণ করেছেন তার একটি বিবরণ প্রস্তুত করো।

(ঘ) "বরাবর এই দুপুর বেলাটা নিয়েছে আমার মন ভুলিয়ে।" ছেলেবেলায় রবীন্দ্রনাথ দুপুর বেলাটা কীভাবে কাটাতেন তা আলোচনা করো।

(ঙ) উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গ্রেপ্তারের দৃশ্যটি বর্ণনা করো।

(চ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"সবটাই ব্যবসাদারী কাণ্ড। কয়েদী সরকার বাহাদুরের গোলাম; আপনাদের দেহের রক্ত জল করিয়া সরকারী কোষাগার পূর্ণ করাতেই তাহাদের অস্তিত্বের সার্থকতা।"

৪। (ক) সন্ন্যাসী বিবেকানন্দ ও তাঁর জননীর সম্বন্ধের আলোচনায় জননীদের সঙ্গে শঙ্করাচার্য ও চৈতন্যদেবের সম্বন্ধের যে প্রসঙ্গ উত্থাপিত হয়েছে তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) জীবনের শেষ পর্বে অসুস্থতার মধ্যেও বিবেকানন্দ যে কাজগুলো করেছিলেন তার বিবরণ দাও।

৫। (ক) জোড়াসাঁকো ঠাকুরবাড়ির পরিচারকদের নিয়ে রবীন্দ্রনাথের স্মৃতিচারণ সম্পর্কে লেখো। ১০

*অথবা*

(খ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের প্রসঙ্গ আলোচনা করো।

৬। (ক) আন্দামান জেলে কয়েদী-নিগ্রহের বর্ণনা দাও। ১০

*অথবা*

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।

৭। (ক) 'আত্মজীবনী' ও 'স্মৃতিকথা'র পার্থক্য নির্দেশ করে 'ছেলেবেলা' কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

*অথবা*

(খ) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে বারীন্দ্রকুমার ঘোষ অথবা উল্লাসকর দত্তের যে জীবন-বৃত্তান্ত আলোচিত হয়েছে তা ব্যক্ত করো।

★★★